# ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড

## ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড (ইএলবিএল)-এর ৫৪ তম বার্ষিক সাধারণ সভা ৪ঠা ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. (২১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ), সকাল ১১.০০ টায় ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়।

কোম্পানির পরিচালনা পর্ষদ ও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান (সরকারের সচিব) জনাব এ বি এম আজাদ এনডিসি সভায় সভাপতিত্ব করেন। সভায় চেয়ারম্যান-সহ কোম্পানির পরিচালকমন্ডলী, কোম্পানি সচিব ও সিএফও ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন:

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ১ | জনাব এ বি এম আজাদ এনডিসি<br>চেয়ারম্যান, ইএলবিএল বোর্ড<br>ও<br>চেয়ারম্যান<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন<br>(সরকারের সচিব) |
| ২ | জনাব খালিদ আহম্মেদ<br>পরিচালক, ইএলবিএল বোর্ড<br>ও<br>পরিচালক (পরিচালন ও পরিকল্পনা)<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন<br>(সরকারের অতিরিক্ত সচিব) |
| ৩ | জনাব মুহম্মদ আশরাফ হোসেন<br>পরিচালক, ইএলবিএল বোর্ড<br>ও<br>সচিব<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন<br>(সরকারের উপ-সচিব) |
| ৪ | অ্যাডভোকেট মুন্সী গোলাম মোস্তফা<br>ইন্ডিপেনডেন্ট পরিচালক, ইএলবিএল বোর্ড |
| ৫ | জনাব মোঃ কামরুল হাসান<br>ইন্ডিপেনডেন্ট পরিচালক, ইএলবিএল বোর্ড |
| ৬ | জনাব নুসরাত সুলতানা<br>শেয়ারহোল্ডার পরিচালক, ইএলবিএল বোর্ড |
| ৭ | জনাব মোহাং জসীম উদ্দীন<br>ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালক, ইএলবিএল বোর্ড |
| ৮ | জনাব আলী আবছার<br>কোম্পানি সচিব |
| ৯ | জনাব রেজাউল করিম সিদ্দিক<br>সিএফও |

কোম্পানির সর্বমোট ৩৩ জন সম্মানিত শেয়ারহোল্ডার সভায় যোগ দিয়েছিলেন।

সভার শুরুতে কোম্পানি সচিব কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে স্বাগত জানানো হয়। কোম্পানি সচিব কর্তৃক সভায় উল্লেখ করা হয় যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সংশ্লিষ্ট নোটিফিকেশন অনুসারে কোম্পানির এ বছরের এজিএম গত বছরের ন্যায় ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হচ্ছে। শেয়ারহোল্ডারদের অধিকতর অংশগ্রহণের নিমিত্ত বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২

ঘন্টা পূর্ব থেকে এজিএম-এর ওয়েবপোর্টাল খুলে দেওয়া হয়। শেয়ারহোল্ডারগণ ওয়েবপোর্টালের মাধ্যমে এজিএম-এ স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ করায় এবং অনুষ্ঠানে যুক্ত থাকায় কোম্পানি সচিব কর্তৃক তাঁদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক চেয়ারম্যান মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ করা হয়।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও সভার সভাপতি জনাব এ বি এম আজাদ এনডিসি কর্তৃক ভার্চুয়ালি সংযুক্ত পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ ও সম্মানিত শেয়ারহোল্ডারগণকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার শুরুতে পর্ষদ চেয়ারম্যান কর্তৃক কোম্পানির কর্মকর্তা জনাব এসএম দেলোয়ার হোসেনকে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করার অনুরোধ জানানো হলে জনাব এসএম দেলোয়ার হোসেন কর্তৃক পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের পর সভার সভাপতি কর্তৃক কোম্পানির পরিচালনা পর্ষদের সদস্যদের নিজ নিজ পরিচিতি সংক্ষিপ্তভাবে প্রদানের জন্য অনুরোধ জানানো হলে পরিচালনা পর্ষদের সদস্যগণ কর্তৃক পর্যায়ক্রমে তাঁদের পরিচিতি প্রদান করা হয়।

আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরুর প্রারম্ভে সভাপতি কর্তৃক কোম্পানি সচিবকে সভার নোটিশ পাঠের আহ্বান জানানো হলে কোম্পানি সচিব জনাব আলী আবছার কর্তৃক সভার নোটিশ পাঠ করা হয়।

সভার এ পর্যায়ে শেয়ারহোল্ডারগণের কাছে প্রেরিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত পর্ষদ চেয়ারম্যানের বক্তব্য ও পরিচালকমন্ডলীর প্রতিবেদন শেয়ারহোল্ডারগণ কর্তৃক ইতোমধ্যে পঠিত হয় বলে চেয়ারম্যান কর্তৃক আশাবাদ ব্যক্ত করা হয় এবং তৎপ্রেক্ষিতে তা পঠিত বলে গণ্য করা হয়। সভাপতি কর্তৃক আরও উল্লেখ করা হয় যে, সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান মতামত/মন্তব্য প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘন্টা পূর্ব থেকে ওয়েবপোর্টাল খুলে দেওয়া হয়। কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক ২০২১-২২ অর্থবছরের নিরীক্ষিত হিসাব ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনের উপর অনলাইনে তাঁদের মূল্যবান মতামত/মন্তব্য প্রদান করা হয়। কোম্পানি কর্তৃক তাঁদের মতামতসমূহ কোম্পানি পরিচালনার ক্ষেত্রে গুরুত্বের সাথে বিবেচনা করা হবে বলে চেয়ারম্যান কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয়।

অতঃপর চেয়ারম্যান কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্নসমূহ পঠন, তার জবাব ও বক্তব্য প্রদানের জন্য কোম্পানির ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের মন্তব্য/প্রশ্ন/বক্তব্য পঠিত হয় এবং তার জবাব প্রদান করা হয়, যা নিম্নরূপঃ

(১) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মোঃ সোহরাব হোসেন (লিংকন) (বিও নং- ১২০১৪৭০০০০০২১৭১১)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে প্রদত্ত বক্তব্য/মন্তব্য ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক পাঠ করা হয়। জনাব মোঃ সোহরাব হোসেন কর্তৃক প্রদত্ত বক্তব্যে ৪০% নগদ লভ্যাংশ এবং ১০% বোনাস শেয়ার লভ্যাংশ অর্থাৎ সর্বমোট ৫০% লভ্যাংশ সম্মানজনক বলে মন্তব্য প্রকাশ করা হয় এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের মধ্যে কোম্পানির ব্যবসায়িক পরিস্থিতি সম্পর্কে জানতে চাওয়া হয়। তাঁর বক্তব্যে কোম্পানিকে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত করার প্রস্তাব প্রদান করা হয়।

সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মোঃ সোহরাব হোসেন** কর্তৃক প্রদত্ত বক্তব্যের জবাবে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক উল্লেখ করা হয় যে, কোম্পানির পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ভবিষ্যতে আরও ভালো লভ্যাংশ প্রদানের জন্য সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখবে।

বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাব থাকা সত্ত্বেও শেয়ারহোল্ডারদের স্বার্থ বিবেচনায় বেইস অয়েল আমদানি করে ব্যবসায়ের প্রবৃদ্ধি নিশ্চিত করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। কোম্পানিকে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত করার প্রস্তাব পরিচালনা পর্ষদকে অবহিত করা হবে মর্মে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয়।

(২) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব হাজেরা বেগম (বিও নং- ১২০১৪৭০০৪৩৫৫১২১৫)** কর্তৃক এজিএম ওয়েব পোর্টালে প্রদত্ত বক্তব্যে শেয়ারহোল্ডারগণ যাতে আগামীতে আরও বেশি নগদ লভ্যাংশ পেতে পারেন সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি অনুরোধ করা হয়।

সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব হাজেরা বেগম** কর্তৃক প্রদত্ত বক্তব্যের জবাবে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক আশাবাদ ব্যক্ত করা হয় যে, কোম্পানির পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আগামীতে আরও বেশি নগদ লভ্যাংশ ঘোষণা করার সকল প্রচেষ্টা অব্যাহত থাকবে।

(৩) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব কবির আহমেদ চৌধুরী (বিও নং- ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে প্রদত্ত বক্তব্যে সুন্দর, পরিচ্ছন্ন ও মূল্যবান তথ্যসমৃদ্ধ বার্ষিক প্রতিবেদন তৈরির জন্য কোম্পানি সচিবকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

তাঁর বক্তব্যে নিট অ্যাসেট ভ্যালু পুনর্মূল্যায়ন, নতুন করে জনবল বৃদ্ধি এবং বেইস অয়েল ও বিটুমিন ব্যবসা বৃদ্ধির পরিকল্পনা আছে কিনা সে সম্পর্কে জানতে চাওয়া হয়।

সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব কবির আহমেদ চৌধুরী** কর্তৃক প্রদত্ত বক্তব্যের জবাবে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, সম্পদ পুনর্মুল্যায়নের বিষয়টি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পর্যালোচনাধীন রয়েছে এবং কোম্পানিতে ৬ জন জনবল অতিসত্বর নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। বেইস অয়েল আমদানি প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও বৈশ্বিক বিরূপ পরিস্থিতির কারণে বেইস অয়েলের বাজার মূল্য অস্থিতিশীল। ভবিষ্যতে পরিস্থিতি স্বাভাবিক হলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বেইস অয়েল আমদানির পরিকল্পনা রয়েছে। বিটুমিন বিপণন প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে ইএলবিএল কর্তৃক চারটি সিটি কর্পোরেশন (নারায়ণগঞ্জ, কুমিল্লা, গাজীপুর ও ময়মনসিংহ) এলাকায় বিটুমিন সরবরাহ করা হচ্ছে। তবে সম্প্রতি বিপিসি'র চেয়ারম্যান মহোদয় ও পর্ষদ চেয়ারম্যানের বিচক্ষণ সিদ্ধান্ত গ্রহণের ফলে চারটি সিটি কর্পোরেশনের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পসমূহে বিটুমিন সরবরাহের বরাদ্দ দেওয়ার ফলে ভবিষ্যতে বিটুমিন বিপণন বৃদ্ধি পাবে বলে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক আশাবাদ ব্যক্ত করা হয়।

(৪) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মোঃ মোবারক হোসেন (বিও নং- ১২০২৫৩০০১৯৮১৫১২২)** কর্তৃক ওয়েবপোর্টালে প্রদত্ত বক্তব্যে আলোচ্য অর্থবছরে প্রায় ৩৬.৮৯ লক্ষ টাকা পরিচালন ক্ষতি এবং ১৮৪.৪০ লক্ষ টাকা অপরিচালন আয় হয় বলে উল্লেখ করে বিপণন প্রক্রিয়া আরও গতিশীল করা এবং পরিশোধিত মূলধন বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।

সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মোঃ মোবারক হোসেন** কর্তৃক প্রদত্ত বক্তব্যের জবাবে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক উল্লেখ করা হয় যে, বৈশ্বিক অর্থনৈতিক মন্দায় বেইস অয়েলের সরবরাহ ঘাটতি ও উর্ধ্বমূল্যের কারণে ২০২১-২০২২ অর্থবছরে বেইস অয়েল আমদানি করা সম্ভব হয়নি। সে কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্লেন্ডিং করাও সম্ভব হয়নি। তবে ২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানি কর্তৃক ইতোমধ্যে ১২০০ মেট্রিক টন বেইস অয়েল আমদানি করা হয় এবং আরও ১২০০ মেট্রিক টন বেইস অয়েল আমদানির পরিকল্পনা রয়েছে। তাই ২০২২-২০২৩ অর্থবছরে বাজেটে প্রত্যাশিত পরিচালন আয় অর্জন সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। পরিশোধিত মূলধন বৃদ্ধির বিষয়ে পরিচালনা পর্ষদকে অবহিত করা হবে বলে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয়।

অতঃপর ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক প্রদত্ত বক্তব্যে উল্লেখ করা হয় যে, ইএলবিএল একটি প্রাচীনতম কোম্পানি। শেয়ারহোল্ডারগণ কর্তৃক যে পরামর্শ প্রদান করা হয় তা যথাযথভাবে পালন করার চেষ্টা করা হবে। শেয়ারহোল্ডারগণের সুচিন্তিত মতামত ও পরামর্শের জন্য তাঁদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

পরিশেষে, পর্ষদ চেয়ারম্যান-সহ, পরিচালকমন্ডলী, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং ইএলবিএল-এর সর্বস্তরের শ্রমিক-কর্মচারীদেরকে শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে তাঁর বক্তব্য সমাপ্ত হয়।

সভার এ পর্যায়ে চেয়ারম্যান কর্তৃক সবাইকে অবহিত করা হয় যে, ৭২ ঘন্টা পূর্বে আজকের বার্ষিক সাধারণ সভার এজেন্ডাসমূহের উপর পক্ষে-বিপক্ষে ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটিংলাইন খুলে দেওয়া হয়। অতঃপর চেয়ারম্যান কর্তৃক এজেন্ডাসমূহের পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করা হয়।

**আলোচ্যসূচি-০১: ১২ই মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।**

কোম্পানি সচিব কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, কোম্পানি আইন, ১৯৯৪ এর ৮৯(২) ধারা মোতাবেক বিগত ৫৩তম বার্ষিক সাধারণ সভার খসড়া কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয় এবং তা পর্ষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হয়। উল্লিখিত কার্যবিবরণী শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য তাঁদের মেইল আইডি ও কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হয়। এমতাবস্থায়, বিগত ১২ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫৩তম বার্ষিক সাধারণ সভার খসড়া কার্যবিবরণী সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করা হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর: ১-এর প্রস্তাবের পক্ষে ৭,৮৯,২১৯টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয় এবং বিপক্ষে কোনো শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়নি।

এমতাবস্থায়, কোম্পানি সচিব কর্তৃক অনলাইন ভোটিংয়ে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাশের ঘোষণা প্রদানের জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, চেয়ারম্যান কর্তৃক ঘোষিত অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নম্বর: ১-এর প্রস্তাব অনুমোদিত হওয়ার বিষয়টি ঘোষণা করা হয়। অতঃপর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

বিগত ১২ই মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৫৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী শেয়ারহোল্ডারগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হলো এবং পর্ষদ চেয়ারম্যান কর্তৃক তা স্বাক্ষরিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যসূচি-০২: ২০২২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ, পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

কোম্পানি সচিব কর্তৃক উপর্যুক্ত আলোচ্যসূচি উপস্থাপনে বলা হয় যে, ২০২২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষিত হিসাবের উপর শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে যুগ্ম-বহিঃনিরীক্ষকদ্বয়ের প্রতিবেদন শেয়ারহোল্ডারদের নিকট প্রেরিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত আছে। কাজেই সংশ্লিষ্ট প্রতিবেদন পঠিত হয় বলে গণ্য হবে। এমতাবস্থায়, ২০২২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ, পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষকদের প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক গ্রহণ এবং অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করা হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর: ২-এর প্রস্তাবের পক্ষে ৭,৮৯,১৮৯টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয় এবং বিপক্ষে ৩০টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়।

এমতাবস্থায়, কোম্পানি সচিব কর্তৃক অনলাইন ভোটিংয়ে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাশের ঘোষণা প্রদানের জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, চেয়ারম্যান কর্তৃক ঘোষিত অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নম্বর: ২-এর প্রস্তাব অনুমোদিত হওয়ার বিষয়টি ঘোষণা করা হয়। অতঃপর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ**

৩০শে জুন, ২০২২ খ্রিস্টাব্দে সমাপ্ত অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ, পরিচালকমন্ডলীর প্রতিবেদন ও নিরীক্ষকদ্বয়ের প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে গৃহীত এবং অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৩: ২০২২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য লভ্যাংশ ঘোষণা অনুমোদন।**

কোম্পানি সচিব কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক ২০২১-২২ অর্থবছরে কোম্পানির শেয়ারহোল্ডারদের জন্য প্রতি ১০.০০ টাকার শেয়ারে নগদ ৪.০০ টাকা অর্থাৎ ৪০% এবং শেয়ার প্রতি ১০% (১০:১) স্টক ডিভিডেন্ড অর্থাৎ প্রতি ১০ শেয়ারের একটি শেয়ার সর্বমোট ৫০% লভ্যাংশ প্রদানের সুপারিশ করা হয়। এমতাবস্থায়, ২০২২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য পরিচালকমন্ডলী কর্তৃক সুপারিশকৃত লভ্যাংশ সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করা হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর: ৩-এর প্রস্তাবের পক্ষে ৭,৮৮,২৬৯টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয় এবং বিপক্ষে ১০০০টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়।

এমতাবস্থায়, কোম্পানি সচিব কর্তৃক অনলাইন ভোটিংয়ে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাশের ঘোষণা প্রদানের জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, চেয়ারম্যান কর্তৃক ঘোষিত অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নম্বর: ৩-এর প্রস্তাব অনুমোদিত হওয়ার ঘোষণা করা হয়। অতঃপর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ**

৩০শে জুন, ২০২২ খ্রিস্টাব্দে সমাপ্ত অর্থবছরের জন্য শেয়ার প্রতি নগদ ৪.০০ টাকা অর্থাৎ ৪০% এবং শেয়ার প্রতি ১০% (১০:১) স্টক ডিভিডেন্ড অর্থাৎ প্রতি ১০ শেয়ারের একটি শেয়ার সর্বমোট ৫০% হারে ডিভিডেন্ড প্রদানের জন্য পরিচালনা পর্ষদের সুপারিশ সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৪: পরিচালকমন্ডলীর নির্বাচন/পুনঃনির্বাচন।**

কোম্পানি সচিব কর্তৃক শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয় যে, কোম্পানির পরিচালন বিধির ৮৭ এবং ৮৮ ধারা মোতাবেক প্রতি বার্ষিক সাধারণ সভায় পরিচালকমন্ডলীর এক-তৃতীয়াংশ পালাক্রমে অবসরগ্রহণ করেন এবং তাঁরা পুনঃমনোনয়নযোগ্য। এ বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি এবং শেয়ারহোল্ডার পরিচালক জনাব নুসরাত সুলতানা অবসরগ্রহণ করছেন। তন্মধ্যে জনাব এ বি এম আজাদ এনডিসি-কে বিপিসি কর্তৃক পুনঃমনোনয়ন প্রদান করা হয়। অন্যদিকে, ৫৪তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডার পরিচালক পদে (বিপিসি বাদে বাকি শেয়ারহোল্ডারদের মধ্য হতে) নির্বাচনের জন্য বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তির মাধ্যমে কোম্পানির ২% শেয়ার ধারণকারীদের মধ্য হতে মনোনয়নপত্র আহ্বান

করা হয়। নির্বাচন পরিচালনার জন্য কোম্পানি সচিবকে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডার জীবন বীমা কর্পোরেশন (বিও নং- ১২০১৫৩০০১৭৬০০০৫৭)-এর মনোনীত প্রার্থী জনাব নুসরাত সুলতানা, জেনারেল ম্যানেজার, জীবন বীমা কর্পোরেশন, চট্টগ্রাম রিজিওনাল অফিস, আগ্রাবাদ, চট্টগ্রাম কর্তৃক একমাত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র দাখিল করা হয়। কমিটি কর্তৃক মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

"Only one candidate submitted the nomination paper and found valid."

এমতাবস্থায়, চেয়ারম্যান পদে বিপিসি কর্তৃক পুনঃমনোনয়নপ্রাপ্ত চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি ও শেয়ারহোল্ডার পরিচালক হিসেবে একমাত্র মনোনয়নপত্র দাখিলকারী জীবন বীমা কর্পোরেশনের মনোনীত প্রার্থী জনাব নুসরাত সুলতানা-কে নির্বাচিত করার প্রস্তাব উপস্থাপন করা হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর: ৪-এর প্রস্তাবের পক্ষে ৭,৮৮,৬৮৭টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয় এবং বিপক্ষে ৫৩০টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়।

এমতাবস্থায়, কোম্পানি সচিব কর্তৃক অনলাইন ভোটিংয়ে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাশের ঘোষণা প্রদানের জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।

তৎপেক্ষিতে, চেয়ারম্যান কর্তৃক ঘোষিত অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নম্বর: ৪-এর প্রস্তাব অনুমোদিত হওয়ার ঘোষণা করা হয়। অতঃপর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান পদে জনাব এ বি এম আজাদ এনডিসি ও শেয়ারহোল্ডার পরিচালক পদে জীবন বীমা কর্পোরেশনের মনোনীত প্রার্থী জনাব নুসরাত সুলতানাকে শেয়ারহোল্ডারগণ কর্তৃক সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে নির্বাচিত করা হলো।

**আলোচ্যসূচি-৫: ২০২৩ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থবছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

কোম্পানি সচিব কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ৫৩তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স হোদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস এবং মেসার্স আহমেদ জাকের অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ভ্যাট ব্যতীত টাকা ৮০,০০০/- (আশি হাজার) (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) পারিশ্রমিকের ভিত্তিতে কোম্পানির ২০২১-২০২২ অর্থবছরের জন্য যুগ্ম বহিঃনিরীক্ষক হিসেবে শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়।

কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে তারা বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করে এবং তারা উভয়ই পুনঃমনোয়নযোগ্য। তন্মধ্যে মেসার্স হোদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে কোম্পানির নিরীক্ষা কাজের নিমিত্ত পুনঃনিয়োগপ্রাপ্ত হওয়ার জন্য তাদের ইচ্ছা প্রকাশ করা হয়। অন্যদিকে, মেসার্স আহমেদ জাকের অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে কোম্পানির নিরীক্ষা কাজের জন্য অনিচ্ছা প্রকাশ করা হয়। এমতাবস্তায়, কোম্পানির সংখ্যাগরিষ্ঠ শেয়ারের মালিক হিসেবে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক কোম্পানির ২০২২-২৩ অর্থবছরের নিরীক্ষা কাজের জন্য বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স হোদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস-এর সাথে মেসার্স আহমেদ জাকের অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস-এর স্থলে মেসার্স রহমান মোস্তফা আলম অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টসকে এ বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য মনোনয়ন প্রদান করা হয়। এছাড়া, অডিট ফার্ম কর্তৃক কোম্পানির বর্তমান নির্ধারিত নিরীক্ষা ফি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে, পরিচালনা পর্ষদ কর্তৃক মেসার্স হোদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস এবং মেসার্স রহমান মোস্তফা আলম অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টসকে হিসাব নিরীক্ষার জন্য ভ্যাট ব্যতীত টাকা ৮০,০০০/- (আশি হাজার) হতে বৃদ্ধি করে টাকা ৯০,০০০/- (নব্বই হাজার) (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) পারিশ্রমিকের ভিত্তিতে এ বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিয়োগ প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হয়। এমতাবস্থায়, উল্লিখিত নিরীক্ষকদ্বয়কে উক্ত টাকার পারিশ্রমিকের ভিত্তিতে সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিয়োগ প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করা হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর: ৫-এর প্রস্তাবের পক্ষে ৭,৮৯,১৬৩টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয় এবং বিপক্ষে ০১টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়।

এমতাবস্থায়, কোম্পানি সচিব কর্তৃক অনলাইন ভোটিংয়ে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাশের ঘোষণা প্রদানের জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, চেয়ারম্যান কর্তৃক ঘোষিত অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নম্বর: ৫-এর প্রস্তাব অনুমোদিত হওয়ার ঘোষণা করা হয়। অতঃপর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ**

কোম্পানির ২০২২-২৩ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স রহমান মোস্তফা আলম অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস এবং মেসার্স হোদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টসকে ভ্যাট ব্যতীত ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) পারিশ্রমিকের ভিত্তিতে সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

**আলোচ্যসূচি-৬ঃ কর্পোরেট গভর্নেন্স প্রতিপালন কোড-এর সার্টিফিকেট ইস্যুর জন্য প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট/সেক্রেটারি নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

কোম্পানি সচিব কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর নির্দেশনা অনুযায়ী ৩০শে জুন, ২০২৩ তারিখে সমাপ্য বছরের জন্য বিএসইসি কর্তৃক জারিকৃত কর্পোরেট গভর্নেন্স কোড প্রতিপালনের বিষয়ে সনদ প্রদানের নিমিত্ত কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট হিসেবে মেসার্স শফিক বসাক অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস-কে ভ্যাট ব্যতীত ২০,০০০/- (বিশ হাজার) টাকা পারিশ্রমিকের ভিত্তিতে এ বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডরগণ কর্তৃক নিয়োগ প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হয়। এমতাবস্থায়, উল্লিখিত নিরীক্ষককে ভ্যাট ব্যতীত ২০,০০০/- (বিশ হাজার) টাকা পারিশ্রমিকের ভিত্তিতে সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিয়োগ প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করা হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বরঃ ৬-এর প্রস্তাবের পক্ষে ৭,৮৯,১৬৩টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয় এবং বিপক্ষে ০১টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়।

এমতাবস্থায়, কোম্পানি সচিব কর্তৃক অনলাইন ভোটিংয়ে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাশের ঘোষণা প্রদানের জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, চেয়ারম্যান কর্তৃক ঘোষিত অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নম্বরঃ ৬-এর প্রস্তাব অনুমোদিত হওয়ার ঘোষণা করা হয়। অতঃপর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**সিদ্ধান্তঃ**

৩০শে জুন, ২০২৩ তারিখে সমাপ্য অর্থবছরের জন্য বিএসইসি কর্তৃক জারিকৃত কর্পোরেট গভর্নেন্স কোড প্রতিপালনের বিষয়ে সনদ প্রদানের কাজের জন্য মেসার্স শফিক বসাক অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস-কে ভ্যাট ব্যতীত ২০,০০০/- (বিশ হাজার) টাকা পারিশ্রমিকে সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিয়োগ প্রদান করা হলো।

আর কোন আলোচ্যসূচি না থাকায় কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক নিম্নোক্ত সমাপনী বক্তব্য প্রদান করা হয়ঃ

**<u>চেয়ারম্যান কর্তৃক সমাপনী বক্তব্যঃ</u>**

চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সমাপনী বক্তব্যে বার্ষিক সাধারণ সভা সুচারুভাবে সম্পন্ন হওয়ার জন্য এবং মূল্যবান মতামত প্রকাশের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সমাপনী বক্তব্যে চেয়ারম্যান কর্তৃক আরও উল্লেখ করা হয় যে, শেয়ারহোল্ডারগণ কর্তৃক স্ব-শরীরে এজিএম আয়োজনের প্রস্তাবটি আগামীতে গুরুত্ব-সহকারে বিবেচনা করা হবে। তাঁর বক্তব্যে কোম্পানির পরিচালকমন্ডলী ও শ্রমিক-কর্মচারী-কর্মকর্তাদের কোম্পানি পরিচালনায় ভূমিকা রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বক্তব্যে আরও উল্লেখ করা হয় যে, ইএলবিএল দেশের একটি প্রাচীন লুব্রিকেন্টস ব্লেন্ডিং কোম্পানি। ইএলবিএল-এর কার্যক্রমের পরিসর ছোট হলেও লুব্রিকেন্টস ব্যবসায় ভালো সম্ভাবনা রয়েছে।

কোম্পানির মুনাফা বৃদ্ধির লক্ষ্যে ইএলবিএল-এর একটি আধুনিক লুব্রিকেন্টস প্ল্যান্ট তৈরির পরিকল্পনা রয়েছে। ইএলবিএলকে আরও লাভজনক করার জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ আরও সচেষ্ট থাকবে বলে চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বক্তব্যে উল্লেখ করা হয়। পরিশেষে, কোম্পানির শেয়ারহোল্ডার এবং সংশ্লিষ্ট সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে চেয়ারম্যান কর্তৃক ৫৪তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত<br>
তারিখ : ১৩/০৩/২০২৩ খ্রি.<br>
**(এ বি এম আজাদ এনডিসি)**<br>
চেয়ারম্যান

# EASTERN LUBRICANTS BLENDERS LIMITED
## SHAREHOLDER'S ATTENDANCE LIST

54TH ANNUAL GENERAL MEETING — DATE : 04 FEBRUARY 2023

| Sl. | BO ID | BO Name | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|
| 1 | 1201470000021711 | MD. SHORAB HOSSAIN (LINKON) | 12 | Digital |
| 2 | 1202850072586542 | MD. SAIFUL ISLAM | 9 | Digital |
| 3 | 1201470043551215 | HAZERA BEGUM | 5 | Digital |
| 4 | 1201510044817267 | MD SHAH-MIAH SARKER | 24 | Digital |
| 5 | 1201590046095038 | MD. SAZZAD HOSSAIN | 110 | Digital |
| 6 | 1202760000048884 | MOHAMMAD OSMAN GONI | 1 | Digital |
| 7 | 1202600020528898 | S.M. SAIFUL ISLAM | 1 | Digital |
| 8 | 1201530017600057 | JIBAN BIMA CORPORATION<br>PROXY / REPRESENTATIVE:<br>MRS. NUSRAT SULTANA<br>GM (JIBAN BIMA CORPORATION)<br>OFFICER | 179,424 | Digital |
| 9 | 1202060000575880 | MD. ENAMUL HAQUE | 15 | Digital |
| 10 | 1203110029837657 | MD. MIJANUR RAHMAN | 3 | Digital |
| 11 | 1203180044317812 | MOHAMMAD ABUL KALAM AZAD | 60 | Digital |
| 12 | 1601880045843500 | KABIR AHMED CHOWDHURY | 1 | Digital |
| 13 | 1201530015848171 | BANGLADESH PETRO. CORPORATION<br>PROXY / REPRESENTATIVE:<br>MR. KAZI MOHAMMAD MOZAMMEL HAQUE<br>DIRECTOR (FINANCE)<br>MR. MD. YOUSUF HUSSAIN BHUIYAN<br>SR. GM (AUDIT)<br>MR. MUSTAFA QUDRAT-I-ELAHI<br>GM (COMMERCIAL & OPS.)<br>MR. A.T.M. SELIM<br>GM (ACCOUNTS)<br>MR. MD. ABUL KALAM AZAD<br>GM (MARKETING & DISTRIBUTION)<br>MR. MONI LAL DAS<br>GM (FINANCE)<br>ENGR. MD. SHAFIQUL ISLAM<br>GM (PLANNING & DEVELOPMENT)<br>BPC OFFICER | 608,381 | Digital |
| 14 | 1202060012036170 | MUHAMMAD AFTABUR RAHMAN | 10 | Digital |
| 15 | 1201510016065464 | MD. TANZILUR RAHMAN | 2 | Digital |
| 16 | 1202600010002043 | MD. NAZMUS SAKIB | 1 | Digital |
| 17 | 1201510016340492 | MD.TANZILUR RAHMAN | 1 | Digital |
| 18 | 1201600070659172 | MUHAMMAD EHSAN ALI | 2 | Digital |
| 19 | 1204410021455313 | MOHD. EKRAMUL HOQUE | 500 | Digital |
| 20 | 1204460000039418 | ADV. MD. SHAKHAWAT ULLAH KHAN | 55 | Digital |
| 21 | 1201590008014367 | ALHAJ MOHAMMAD ABDUL WAHHAB | 30 | Digital |
| 22 | 1201600065170871 | SYED NURUL ABSAR | 1 | Digital |

## SHAREHOLDER'S ATTENDANCE LIST

54TH ANNUAL GENERAL MEETING DATE : 04 FEBRUARY 2023

| Sl. | BO ID | BO Name | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|
| 23 | 1201600065171759 | MOSAMMAD FOUZIA NASRIN | 1 | Digital |
| 24 | 1201960068911310 | FAIZUL ABRAR | 111 | Digital |
| 25 | 1201830000008403 | MR. KAZI KHAIRUL ISLAM | 606 | Digital |
| 26 | 1201600003393081 | SYED MOHAMMED NUR HOSSAIN | 213 | Digital |
| 27 | 1204490074746303 | IFTAKHER MAHMUD ZIAD | 50 | Digital |
| 28 | 1201510033949135 | MOKSADUL HAQUE KHAN | 30 | Digital |
| 29 | 1203300073572889 | MD.ISMAIL HOSSEN | 304 | Digital |
| 30 | 1202530019815122 | MD. MOBARAK HOSSAIN | 100 | Digital |
| 31 | 1203300064484012 | MD AHSAN HABIB | 138 | Digital |
| 32 | 262 | A.K.M. FAZLE ELAHEE | 6 | Digital |
| 33 | 1204410074475243 | MD. KAMRUL HASAN SUMAN | 500 | Digital |
| **Total Attendance: 33** | | **Total Holding Share:** | **790,707** | |